



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ

২৪ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

১০ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের

‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন কক্ষে সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে। ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১০ টায় এবং ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা বিকাল ৩ টায় অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদ এর অধীন ২২টি বিভাগে ১,৩৭৫ টি আসনের বিপরীতে মোট ৩২,২২১ জন শিক্ষার্থী আবেদন করেছিলেন। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণের হার ৭৬.৩৪% এবং ‘গ’ ইউনিটে ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণের হার ৭৫.৮৮%। পরীক্ষা চলাকালীন সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম্স বিভাগ এর অধ্যাপক এবং রূপালী ব্যাংক এর পরিচালক ড. মো: হাসিবুর রশীদ, সিভিকেট সদস্য বরিশাল বিভাগের বিভাগীয় কমিশনার মো: শহিদুজ্জামান, সিভিকেট সদস্য বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মু. জিয়াউল হক, বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার এস. এম. এম. রহুল আমিন, বরিশাল জেলা প্রশাসক মো: হাবিবুর রহমান, বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মো: মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, রেজিস্ট্রার মো: মনিরুল ইসলাম, ডিসি সাউথ (বিএমপি) গোলাম রফিউ খান, প্রফেসর শাহ সাজেদা, প্রেস্টের (ভারপ্রাপ্ত) ড. সুব্রত কুমার দাসসহ বিভিন্ন প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার সাংবাদিকদের সাথে নিয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভর্তি পরীক্ষা কক্ষ পরিদর্শন করেন। পরিদর্শন শেষে পরিদর্শকগণ ভর্তি পরীক্ষার সার্বিক ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করেন। ভর্তি পরীক্ষা নির্বিন্দু ভাবে সম্পন্ন করার লক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ে গতবছরের ন্যায় এবারও একজন ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে ভার্যামান টিম দায়িত্বরত ছিল। ‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় উপাচার্য মহোদয় বরিশালবাসী, রাজনৈতিক নেতৃবৃন্দ, মুক্তিযোদ্ধা, সুশীল সমাজ, স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ, সাংবাদিক, পরীক্ষার্থী, অভিভাবক এবং বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। উল্লেখ্য ভর্তি পরীক্ষায় ডিজিটাল ডিভাইস এর অপব্যবহার রোধে বরিশাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্র গুলোতে প্রথমবারের মত অত্যাধুনিক ইলেক্ট্রনিক জ্যামার স্থাপন করে পরীক্ষা আয়োজন করা হয়। আগামীকাল ২৫ নভেম্বর শনিবার সকাল ১১ টা থেকে দুপুর ১২.৩০ মিনিট পর্যন্ত বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রসহ বরিশাল নগরীর ৬টি কেন্দ্রে “ক” ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রফিম
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস